ICSE ACADEMY
www.spellbeeacademy.com

SpellIndia
INDIA's No. 1
SPELLING BEE
Preparatory Study Material Provider
www.phonicsestore.com

Pati's

# Past Year Papers

# PREPARE

for

# ICSE

Class 10

# Bengali

2017 - 2026

Pati's

ICSE ACADEMY:
How to Prepare for ICSE Class 10 exams

https://www.spellbeeacademy.com/icse.html

## How to Prepare for ICSE Class 10 exams : Free Resources

Please click on subject to proceed further.


We will keep adding resources here till "March 2026".


So, save this link, keep visiting and stay updated.


( Resources include : Syllabus, Past Year Papers, Specimen Papers, Competency based Questions, Books pdf downloadable, 350+ Term Papers / Prelim Papers of various schools - across subjects, etc. )


01 English Literature
02 English Language
03 Geography
04 History & Civics
05 Physics
06 Chemistry
07 Mathematics
08 Biology
09 Computer Applications
10 Physical Education
11 Hindi
12 Commercial Studies
13 Economics
14 Technical Drawing
15 Environmental Science
16 Home Science
17 Gujarati
18 Marathi
19 French

**SCAN QR code to buy the book at amazon NOW.**

















**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects


















Pati's ICSE ACADEMY

# Prepare for ICSE CLASS 10 Bengali

## Free Resources

## SCAN QR CODE Now

Pati's

ICSE ACADEMY

# Past Year Papers

- 2026

- 2025

- 2024

- 2023

Note : There was no board exam in 2021 and 2022 due to COVID.

2026 paper will be shared here in June 2026

Pati's
ICSE ACADEMY

2025 Improvement

Z30000067

# BENGALI

## (Second Language)

***Maximum Marks : 80***

***Time Allowed : Three Hours***

1. *Answers to this Paper must be written on the paper provided separately.*
2. *You will **not** be allowed to write during the first **15** minutes.*
3. *This time is to be spent in reading the question paper.*
4. ***The time given at the head of this Paper is the time allowed for writing the answers.***
5. *This paper comprises two Sections; **Section A** and **Section B.***
6. *Attempt **all** the questions from **Section A**.*
7. *Attempt **four** questions from **Section B**, answering at least **one** question each from the **two** books you have studied and **any two** other questions from the same books that you have compulsorily chosen.*
8. *The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

***Instruction for the Supervising Examiner***

*Kindly read aloud the instructions given above to all the candidates present in the Examination Hall.*

**This Paper consists of 12 printed pages.**

**T25 031 I** **Turn over**

© Copyright reserved.

Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

## SECTION —A (40 Marks)

*Attempt **all** questions.*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on any **one** of the following topics :- [15]

নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে থেকে যে কোন একটি বিষয় অবলম্বনে আনুমানিক **২৫০** শব্দের মধ্যে **একটি** প্রবন্ধ রচনা কর :-

(i) একটি খেলার মাঠের আত্মকথা।

(ii) মানুষই মানুষের শত্রু — পানীয় জল সংকটে বিশ্ব।

(iii) পরীক্ষার পূর্ব প্রস্তুতির জন্য সময়সূচিতে আবদ্ধ জীবনের অভিজ্ঞতা।

(iv) 'অসময়েই প্রকৃত বন্ধু চেনা যায়' — এই উক্তিটি অবলম্বনে একটি মৌলিক ছোটগল্প রচনা কর।

(v) নীচের ছবিটির বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে কী প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তা ব্যাখ্যা কর।





Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

## Question 2

Write a letter in **Bengali** in approximately **120** words on any **one** of the topics given below :- [7]

নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে থেকে যে-কোনো একটি বিষয় অবলম্বনে আনুমানিক ১২০ শব্দের মধ্যে **একটি** পত্র লেখ :-

(i) তোমার অঞ্চলে চুরি-ছিনতাই-এর পরিমাণ দিন দিন বাড়ছে। — সে সম্পর্কে অভিযোগ ও সমস্যার সমাধানের জন্য আবেদন জানিয়ে স্থানীয় থানার অধিকর্তাকে চিঠি লেখ।

**অথবা**

(ii) পাঠ্যপুস্তকের পাশাপাশি গল্পের বই পড়ার অভ্যাস ছাত্র - ছাত্রীর জ্ঞানভাণ্ডার সমৃদ্ধিতে সহায়ক, একথা জানিয়ে ছোট ভাই অথবা বোনকে একটি চিঠি লেখ।

## Question 3

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible:-

নীচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ :-

এত তাড়াতাড়ি সন্ধ্যা হয়ে যাবে বুঝতে পারেনি ওরা। কাউকে না বলে দশ মাইল দূরে পলাশবাড়িতে খেলতে এসেছিল হায়ারে। এখন সাইকেলে উঠে সন্তুর বুক টিপটিপ করছে, দিপুর মুখ শুকনো। দিনটাকে যদি হনুমানের মত আরেকটু ধরে রাখা যেত তাহলে পাঁই পাঁই করে ঠিক বাড়ি পৌঁছে যেতে পারত।



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

হাওয়ায় সাইকেল দুটো যেন উড়ছিল। পিচের রাস্তাটা মসৃণ এবং ঢালু। কিন্তু মরা ঘাটের মোড় পার হতেই টুক করে সূর্যটা ডুবে গিয়ে সন্ধ্যেটাকে ছুঁড়ে দিল চারপাশে। উত্তেজনায় ওরা এতক্ষণ কথা বলছিল না। সামনের রাস্তাটা যখন কালো হয়ে গেল দুপাশে জঙ্গলের ঝিঁঝিঁগুলো যখন একসঙ্গে শব্দ করে উঠলো তখন দিপু বলল, 'আমি কিছু দেখতে পারছি না রে।' সন্তুর কপালে ঘাম কিন্তু হাত-পা ঠাণ্ডা, ফিস্ ফিসিয়ে বলল, 'জোরে চালা, এই জঙ্গলে হাতি আছে।'

ডুয়ার্সের ওদিকটায় হাতির আনাগোনা বেশি। দিপু বলল, 'তাহলে গান গাইতে গাইতে চল।' বলেই 'দুর্গম গিরি কান্তার মরু' গাইতে লাগলো কাঁপা গলায় চেঁচিয়ে।

মাথার উপরে রাস্তার দুপাশের গাছের ঝাঁকড়া ডাল ছাদের মত ঝুলে আছে। তার গায়ে বসে থাকা পাখির চিৎকার ওদের গানের শব্দে যেন থেমে গেল আচমকা। অন্ধকারে তিনটে শেয়াল একসঙ্গে ডেকে উঠলো ঘাবড়ে গিয়ে।

বিনাগুড়ির মোড়টা পেরিয়ে গেল শাঁ করে। আর মাইল চারেক। তারপর কোনরকমে সাইকেল রেখেই চেঁচিয়ে চেঁচিয়ে পড়া শুরু করে দেবে। একবার পড়তে আরম্ভ করলে বাবা আর কিছু বলবেন না, ওতে নাকি পড়ুয়ার মনোযোগ নষ্ট হয়।

**প্রশ্ন :**

(i) সন্তু এবং দিপু বাড়ি থেকে কত দূরে, কোথায় খেলতে এসেছিল ? [2]

(ii) সন্ধ্যা হয়ে যাওয়ায় তারা ভয় পাচ্ছিল কেন ? [2]

(iii) ভয় কাটানোর জন্য কে কী প্রস্তাব দিয়েছিল ? প্রস্তাবের সপক্ষে সে নিজে কী করেছিল ? [2]

(iv) বিনাগুড়ির মোড় থেকে তাদের বাড়ির দূরত্ব কত ? বাড়ি পৌঁছে তারা কী করবে ? [2]

(v) কেন তাদের বাড়ি যাবার তাড়া ছিল বলে তোমার মনে হয় ? [2]



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 4**

ব্যাকরণভিত্তিক প্রশ্ন (Grammatical Questions):- **[8]**

সঠিক উত্তরটি বেছে লেখ (Write the correct option):-

(i) সঠিক বানান কোনটি ?

(a) শ্মশান

(b) সশ্মান

(c) শশ্মানে

(d) শশ্বান

(ii) হরেক রকম কথা যে বলে — তাকে বলা হয় —

(a) হ্রেষা

(b) হরবোলা

(c) জিঘাংসা

(d) কেকা

(iii) ফসল কাটার পর মাঠটা __________ করছে। শূন্যস্থানে সঠিক ধ্বন্যাত্মক শব্দ বসাও।

(a) খাঁ খাঁ

(b) ঝাঁ ঝাঁ

(c) রি রি

(d) ঘিন ঘিন

(iv) 'আমাদের কঠোর পরিশ্রম করতে হয়।' এই বাক্যটি কর্তৃবাচ্যে হবে —

(a) কঠোর পরিশ্রম আমাদের কর্তব্য।

(b) আমার দ্বারা কঠোর পরিশ্রম হয়।

(c) আমাদের কঠোর পরিশ্রম করা লাগে।

(d) আমরা কঠোর পরিশ্রম করি।



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

(v) কিন্তু দিদিমার মনের খটকা ভাবটা গেল না।— ইতিবাচক বাক্যে হবে —

(a) কিন্তু দিদিমার মনের খটকা ভাবটা রয়ে গেল ।

(b) কিন্তু দিদিমার মনের খটকা ভাবটা গেল কি ?

(c) কিন্তু দিদিমার মনের খটকা ভাব দূর হল না।

(d) কিন্তু দিদিমার মনের খটকা ভাবটা গেল না কী !

(vi) দেখে মুখ হাঁ হয়ে যায় হর্ষনাথের — এই বাক্যে 'মুখ হাঁ' বলতে বোঝানো হয়েছে —

(a) বিষণ্ণ হওয়া

(b) উৎসাহিত হওয়া

(c) বিস্মিত হওয়া

(d) হতোদ্যম হওয়া

(vii) 'মোরা ভোরের বেলা ফুল তুলেছি' — মোরা কথাটির গদ্যরূপ কি হবে ?

(a) তারা

(b) আপনারা

(c) যারা

(d) আমরা

(viii) তোমাকে ওরা এত অপমান করল আবার তুমি ওখানে গেলে, তোমার মতো ________ লোক আমি দেখিনি। শূন্যস্থানে উপযুক্ত বাগ্‌ধারা বসাও।

(a) কানপাতলা

(b) কানকাটা

(c) কূপমণ্ডূক

(d) কলুর বলদ



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

## SECTION — B (40 Marks)

*Questions from only **two** of the following textbooks are to be answered.*

*Attempt **four** questions from this section.*

*You must answer at least **one** question from each of the **two** books, you have studied and any **two** other questions from the same books that you have chosen.*

## সংকলিতা — ছোটগল্প

## SONKOLITA — SHORT STORIES

### Question 5

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"তোমায় আমি মানুষ খুন করতে দেব না।"

**অসহযোগী — মানিক বন্দ্যোপাধ্যায়**

**Asohojogee — Manik Bondyopadhyay**

(i) বক্তা কে ? [2]

(ii) 'তোমায়' বলতে কাকে বোঝানো হয়েছে ? [2]

(iii) শ্রোতা কী সত্যিই মানুষ খুন করেছে ? [3]

(iv) এই উক্তি থেকে আমরা বক্তার চরিত্রের কী পরিচয় পাই ? [3]

### Question 6

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"ওদের কাছে নানারকম অদ্ভুত যন্ত্রপাতি আছে।"

**নীল মানুষের কাহিনী — সুনীল গঙ্গোপাধ্যায়**

**Neel Manusher Kahini — Sunil Gangopadhyay**

(i) কাদের কথা বলা হয়েছে ? [2]

(ii) কে কোন্ প্রসঙ্গে এই কথা ভেবেছিল ? [2]

(iii) অদ্ভুত যন্ত্রপাতি থাকার কারণে বক্তার কী অসুবিধা হতে পারে ? [3]

(iv) উদ্দিষ্ট ব্যক্তিরা বক্তার জীবনে সমস্যা ডেকে এনেছে — এই বিষয়ে তোমার মতামত দাও। [3]



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"মনটা একটু খুঁত খুঁত করছিল অসীমের।"

নাম — নরেন্দ্রনাথ মিত্র

**Naam — Narendranath Mitra**

(i) অসীম কে ? [2]

(ii) মনটা কেন খুঁত খুঁত করছিল ? [2]

(iii) কোথায় সে কাজ পেল ? কে তাকে সে কাজ দিয়েছিল ? [3]

(iv) সেখানে তাকে কী কী কাজ করতে হয়েছিল ? [3]

## সংকলিতা — কবিতা

## SONKOLITA — POEMS

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"কিন্তু কোন্ গুণ আছে,
যাচিব যে তব কাছে,
হেন অমরতা আমি, কহ গো শ্যামা জন্মদে !"

বঙ্গভূমির প্রতি — মাইকেল মধুসূদন দত্ত

**Bangabhumir Prati — Michal Madhusudan Dutta**

(i) জীবনের কোন্ সময়ে কবি এই কবিতাটি লেখেন ? [2]

(ii) 'শ্যামা জন্মদে' কথার অর্থ কী ? [2]

(iii) 'হেন অমরতা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? [3]

(iv) এই প্রসঙ্গে তিনি যে তুলনাটি করেছেন তা বুঝিয়ে লেখ ? [3]



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে
হে বন্ধু, হে প্রিয়তম।"

**রবীন্দ্রনাথের প্রতি — বুদ্ধদেব বসু**

**Rabindranather Prati — Buddhadeb Basu**

(i) উদ্ধৃতিটি কোন্ মূলগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? কোন্ সময়ের পরিপ্রেক্ষিতে কবিতাটি লেখা হয়েছে ? [2]

(ii) 'বন্ধু' বলে কবি এখানে কাকে সম্বোধন করেছেন ? [2]

(iii) 'দারুণ দুর্দিনে' বলতে কী বোঝানো হয়েছে — আলোচনা কর। [3]

(iv) 'বন্ধু'কে কবি এই সময় স্মরণ করতে চান কেন ? [3]

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"পুড়তে পুড়তে তখনও তার জানলা দিয়ে দেখি"

**বাবু বলেন — শঙ্খ ঘোষ**

**Babu Bolen — Sankha Ghosh**

(i) উদ্ধৃতিটি কার ? [2]

(ii) কোন্ প্রসঙ্গে তিনি একথা বলেছেন ? [2]

(iii) জানলা দিয়ে তিনি কী দেখেন ? [3]

(iv) আলোচ্য অংশের তাৎপর্য বুঝিয়ে লেখ। [3]



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

## চাঁদের পাহাড় — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## CHANDER PAHAR — BIBHUTIBHUSHAN BANDYOPADHYAY

**Question 11**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"ভোরের স্বপ্ন নাকি সত্যি হয়।"

(i) কে স্বপ্ন দেখেছিল ? [2]

(ii) কী রকম স্বপ্ন সে দেখেছিল ? [2]

(iii) এই স্বপ্ন দেখার পর তার মানসিক অবস্থার বর্ণনা কর। [3]

(iv) তার এরূপ স্বপ্ন পরবর্তী জীবনে সফল হয়েছিল কিনা বুঝিয়ে লেখ। [3]

**Question 12**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"মানুষের কী লোভ তাই ভাবি।"

(i) বক্তা কে ? সে কখন একথা ভাবে ? [2]

(ii) কাদের সম্বন্ধে বক্তা এই কথা ভাবে ? তাদের পরিচয় দাও। [2]

(iii) কোন্ পরিপ্রেক্ষিতে এই উক্তি ? [3]

(iv) এই অংশের বক্তব্য পরিস্ফুট কর। [3]



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

**Question 13**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"ভীরুর মতো সে পাশবিক শক্তির কাছে মাথা নিচু করবে না, হোক মৃত্যু।"

(i) কে, কখন একথা ভেবেছে ? [2]

(ii) পাশবিক শক্তি বলতে কী বোঝানো হয়েছে ? [2]

(iii) উদ্দিষ্ট ব্যক্তি কোন্ দুর্ঘটনার মুখোমুখি হয়েছিল ? [3]

(iv) উদ্ধৃত অংশটি বক্তা কী কারণে ভেবেছিলেন ? [3]

## জাম্বো — মোহিত চট্টোপাধ্যায়

## JAMBO — MOHIT CHATTOPADHYAY

**Question 14**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"আপনি নিজেকে ক্ষুদ্রস্য ক্ষুদ্র বলছেন — কিন্তু এটা আপনার বিনয়।"

(i) বক্তা কে ? [2]

(ii) কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছে ? [2]

(iii) বক্তা কেন এ কথা বলেছে ? [3]

(iv) আলোচ্য উদ্ধৃতিটির মধ্যে দিয়ে বক্তা কী বোঝাতে চেয়েছে ? [3]



Pati's ICSE ACADEMY

### Question 15

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"এমন টেঁটিয়া ছেলেকে পাঁকে পুঁতে রাখলে তবে শান্তি হয়"

(i) কে কার সম্পর্কে এই মন্তব্যটি করেছে ? [2]

(ii) তাকে 'টেঁটিয়া ছেলে' বলা হয়েছে কেন ? [2]

(iii) কোন্ পরিস্থিতিতে দাঁড়িয়ে বক্তা এই মন্তব্য করেছে ? [3]

(iv) তাদের উদ্দেশ্য কী ছিল সংক্ষেপে লেখ। [3]

### Question 16

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :-

"শুনুন টাকা আমরা চাই না। আমরা চলে যাচ্ছি।"

(i) বক্তা কে ? বক্তা কাকে একথা বলেছে ? [2]

(ii) 'আমরা' বলতে কাদের কথা বলা হয়েছে ? কোন্ টাকার কথা বলা হয়েছে ? [2]

(iii) কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে ? [3]

(iv) বক্তার টাকা না চাওয়ার পেছনে কারণ কী ছিল ? [3]

Pati's ICSE ACADEMY

**2025**

# BENGALI

## (Second Language)

***Maximum Marks : 80***

***Time Allowed : Three Hours***

1. *Answers to this Paper must be written on the paper provided separately.*
2. *You will **not** be allowed to write during the first **15** minutes.*
3. *This time is to be spent in reading the question paper.*
4. ***The time given at the head of this Paper is the time allowed for writing the answers.***
5. *This paper comprises two Sections; **Section A** and **Section B.***
6. *Attempt **all** the questions from **Section A**.*
7. *Attempt **four** questions from **Section B**, answering at least **one** question each from the **two** books you have studied and **any two** other questions from the same books that you have compulsorily chosen.*
8. *The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

***Instruction for the Supervising Examiner***

*Kindly read aloud the instructions given above to all the candidates present in the Examination Hall.*

**This Paper consists of 11 printed pages and one blank page.**



*© Copyright reserved.*

Pati's ICSE ACADEMY

## SECTION —A (40 Marks)

*Attempt **all** questions.*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on any **one** of the following topics :- [15]

নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে থেকে যে কোন একটি বিষয় অবলম্বনে আনুমানিক **২৫০** শব্দের মধ্যে **একটি** প্রবন্ধ রচনা কর :-

(i) একটি ক্লাসরুমের আত্মকথা।

(ii) আধুনিক যন্ত্রনির্ভর সভ্যতা তোমার জীবনকে কতটা সহজ করেছে — তোমার অভিজ্ঞতার নিরিখে ব্যাখ্যা কর।

(iii) একটি ভীড় ট্রেনে কিছুক্ষণ।

(iv) 'অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট' — এই প্রবাদ বাক্যটি অবলম্বনে একটি মৌলিক গল্প রচনা কর।

(v) নীচের ছবিটির বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে কী প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তা ব্যাখ্যা কর।



## Question 2

Write a letter in **Bengali** in approximately **120** words on any **one** of the topics given below :- [7]

নিম্নলিখিত বিষয়দুটির মধ্যে থেকে যেকোনো একটি বিষয় অবলম্বনে আনুমানিক **১২০** শব্দের মধ্যে **একটি** পত্র লেখ :-

(i) ফুটপাথে অবাঞ্ছিত দোকান গজিয়ে ওঠায় সাধারণ মানুষের কষ্ট বেড়েই চলেছে। এর প্রতিবাদ জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি চিঠি লেখ।

**অথবা**

(ii) প্রতিবছর গ্রীষ্মকালে দেশের বিভিন্ন অংশে তীব্র হয়ে উঠছে জলসংকট। শিক্ষিত শহরবাসী হিসেবে এ বিষয়ে তোমার ও সকলের কী কর্তব্য আছে তা জানিয়ে বন্ধুকে চিঠি লেখ।

## Question 3

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible:-

নীচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ :-

শৈশবে এ নিয়ে একটা গল্প পাড়ার এক প্রবীণা আশ্রমিকের মুখে শুনেছিলাম। আদিকালে এই অঞ্চলের চারিদিক ছিল জনশূন্য নির্জন। রুক্ষ ধূ ধূ প্রান্তরে ভুবনডাঙা কেবলমাত্র একটি গ্রাম।ভুবনডাঙার মাঠ ছিল ঠ্যাঙাড়ের দখলে। গ্রামের হাড়ি, বাগদি, ডামেদের নিয়ে ঠ্যাঙাড়ে বাহিনী, তাদের না ছিল চাষের জমি না চাষবাস। তাই আয় বলতে কিছু ছিল না। সুযোগ পেলে ঠ্যাঙাড়ে বাহিনী লুটপাট করে বা মেরে পথিকদের কাছ থেকে যা পেত তা নিজেদের মধ্যে ভাগ করে নিত। সেদিন মহর্ষিকে পেয়ে ঠ্যাঙাড়েদের দলে উপস্থিত সর্দার বলল, ঠাকুর যা আছে ভালোয় ভালোয় দিয়ে দে, তা না হলে তোকে মারতে হবে। মহর্ষি বললেন, জানি তোরা আমাকে মেরেই ফেলবি, তার আগে একটু ঈশ্বরের উপাসনা করে নিই, আপত্তি করিসনে। সর্দার বললে, ঠিক আছে তাই হোক। মিনিট পাঁচ-দশ-পনেরো, বেশ কিছুসময় পর গৌরবর্ণ সৌম্যকান্তি নির্লিপ্ত সাধু মানুষটি যখন প্রসন্ন মুখে চোখ মেলে তাকালেন, দেখেন সর্দার হাত জোড় করে নিশ্চুপ হয়ে দাঁড়িয়ে। মহর্ষি বললেন, এই নে টাকাকড়ি, এবার মার। সর্দার মহর্ষির পায়ে পড়ে বলল, ঠাকুর জানি আমরা মহাপাতক, কিন্তু এ ছাড়া আমাদের বাঁচার আর কোনও পথ নেই। কিছু কথোপকথন ও উপদেশের পর মহর্ষি বললেন, তোদের যদি কাজের ব্যবস্থা করি তাহলে তোরা এ পাপের পথ ছেড়ে দিবি ? সমস্বরে সবাই সম্মতিসূচক ঘাড় নেড়ে বললে, হ্যাঁ। শান্তিনিকেতন আশ্রম প্রতিষ্ঠার পর এদের অনেকেই মহর্ষির প্রতিষ্ঠানে কাজে নিযুক্ত হয়েছিলেন। পরে ছাতিমতলার মাটি বা পুকুর খুঁড়তে গিয়ে মানুষের মাথার খুলি পাওয়া গিয়েছিল।

ভুবনমোহন সিংহের পুত্র প্রতাপনারায়ণ মহর্ষির ইচ্ছা অনুযায়ী মাত্র পাঁচ টাকা খাজনায় তাঁকে কুড়ি বিঘা জমি বন্দোবস্ত করে দেন। ১লা মার্চ, ১৮৬৩ তিনি শান্তিনিকেতন জমির মৌরুসী পাট্টা দেন। প্রথমে মহর্ষি এখানে একটি একতলাবাড়ি নির্মাণ করেন। পরে দ্বিতল। কাঁকর সরিয়ে মাটি ফেলে তার চারপাশে আম, জাম, কাঁঠাল, আমলকী, হরীতকী, মহুয়া, নারকেল, শাল, দেবদারু, তাল, বকুল, কদম প্রভৃতি নানাবিধ গাছ লাগালেন। জলের জন্য খনন করেন পুকুর, কিন্তু খোয়াই প্রান্তর কাঁকুড়ে, অনেক খুঁড়েও জলের হদিশ পাওয়া গেল না।

**প্রশ্ন :**

(i) এককালে ভুবনডাঙার মাঠ পথিকদের কাছে ভয়ের কারণ ছিল কেন ? [2]

(ii) মহর্ষি কোন্ কাজের জন্যে সর্দারের কাছ থেকে সময় চেয়ে নিলেন ? [2]

(iii) মহর্ষি ডাকাতদের সৎপথে আনার চেষ্টা করেছিলেন কীভাবে ? [2]

(iv) কার সাহায্যে শান্তিনিকেতনে জমির ব্যবস্থা হয় ও কীভাবে ? [2]

(v) খোয়াই অঞ্চলের মাটি কেমন ? [2]

**Question 4**

ব্যাকরণভিত্তিক প্রশ্ন (Grammatical Questions):- [8]

সঠিক উত্তরটি বেছে লেখ (Write the correct option):-

(i) সঠিক বানান কোনটি ?

(a) পিপিলিকা

(b) পরিক্ষা

(c) সান্তনা

(d) শ্মশান

(ii) যিনি একবার শুনলেই মনে রাখতে পারেন, তিনি হলেন —

(a) শ্রুতিধর

(b) শ্রবণপ্রিয়

(c) শ্রুতিমধুর

(d) জনশ্রুতি

(iii) সে ট্রেন ধরার জন্য __________ করে হাঁটতে লাগলো। (শূন্যস্থানে সঠিক ধ্বন্যাত্মক শব্দ বসাও)।

(a) পট্ পট্

(b) ঝিন্ঝিন্

(c) হন্হন্

(d) বন্বন্

(iv) স্বপ্নের জাল আমি বুনিয়াছি — 'বুনিয়াছি' শব্দটি চলিত ভাষায় কী হবে ?

(a) বুনেছি

(b) বুনবো

(c) বুনছি

(d) বুনেছিলাম

(v) নবনীতা বলল, 'আমি কাজটা করতে পারব না।' পরোক্ষ উক্তিতে হবে —

(a) নবনীতা বলল, সে কাজটা করতে পারবে না।

(b) নবনীতা বলল যে, আমি কাজটা করতে পারব না।

(c) নবনীতা বলল যে, সে কাজটা করতে পারবে।

(d) নবনীতা বলল যে, সে কাজটা করতে পারবে না।

(vi) নীচের কোন্ বাক্যে 'মুখ' শব্দটি 'দয়া' অর্থে এসেছে ?

(a) সকাল থেকে এত মুখ করছ কেন ?

(b) সে বাপ মায়ের মুখ রেখেছে।

(c) কথাটা বলতেই তার মুখ চুন হয়ে গেল।

(d) এতদিনে ঈশ্বর মুখ তুলে চাইলেন।

(vii) চাকরি চলে গেল, আয়ের পথ নেই ____________ পড়ে আছি। (শূন্যস্থানে উপযুক্ত বাগধারা বসাও)।

(a) অসম্ভব ব্যাপার

(b) অকূল পাথারে

(c) অন্তরালে থাকা

(d) উভয় সংকট

(viii) ‘লম্বা ট্রেন, তার একদম ডগায় ইঞ্জিন’ — সরল বাক্যে রূপান্তরিত করলে হবে —

(a) যে ট্রেনটি লম্বা তার একদম ডগায় ইঞ্জিন।

(b) লম্বা ট্রেনের একদম ডগায় ইঞ্জিন।

(c) লম্বা ট্রেন ও তার একদম ডগায় ইঞ্জিন।

(d) একটি লম্বা ট্রেন এবং একদম ডগায় ইঞ্জিন।

## SECTION — B (40 Marks)

*Questions from only **two** of the following textbooks are to be answered.*
*Attempt **four** questions from this section.*
*You must answer at least **one** question from each of the **two** books, you have studied and any **two** other questions from the same books that you have chosen.*

## সংকলিতা — ছোটগল্প

## SONKOLITA — SHORT STORIES

**Question 5**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

“স্কুলের অনেক ছেলেই তাহার সহিত ভাব করিবার জন্য উন্মুখ ছিল।”

**গিন্নি — রবীন্দ্রনাথ ঠাকুর**

**Ginni — Rabindranath Thakur**

(i) কার কথা বলা হয়েছে ? সে কোন্ শ্রেণীর ছাত্র ছিল ? [2]

(ii) কে তার কী নামকরণ করেছিল ? [2]

(iii) তার স্বভাবের পরিচয় দাও। [3]

(iv) গল্পের শেষে তার চোখ দিয়ে জল ঝরে পড়ার জন্য  ক এবং কেন দায়ী বলে তুমি মনে কর ? [3]

**Question 6**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

“এর পরে লালু দিন-পনেরো আর এবাড়ির ত্রিসীমানায় পা দিলে না।”

**লালু — শরৎচন্দ্র চট্টোপাধ্যায়**

**Lalu — Sarat Chandra Chattopadhyay**

Pati's
ICSE ACADEMY

(i) লালু কে ? [2]

(ii) দিন-পনেরো সে কোথায় থাকল ? [2]

(iii) কেন সে পনেরো দিন বাড়ি ফিরল না ? [3]

(iv) কোন্ ঘটনার পরে এমনটা হল ? [3]

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"আপনার যদি পছন্দ হয় রেখে দিতে পারেন, জিনিসটার পুরো দাম আপনি দিয়েছেন।"

**লোকটি — হুমায়ূন আহমেদ**

**Lokti — Humayun Ahmed**

(i) বক্তা কে ? কার প্রতি এই উক্তি ? [2]

(ii) জিনিসটার বর্ণনা দাও। [2]

(iii) যাকে বলা হচ্ছে তিনি কেমন প্রকৃতির মানুষ ছিলেন ? [3]

(iv) কীভাবে তিনি পুরো জিনিসটার দাম দিয়েছেন বলে তুমি মনে কর ? [3]

## সংকলিতা — কবিতা

## SONKOLITA — POEMS

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-
নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"অমলকান্তি রোদ্দুর হতে পারেনি।

সে এখন একটা অন্ধকার ছাপাখানায় কাজ করে।"

**অমলকান্তি — নীরেন্দ্রনাথ চক্রবর্তী**

**Amalkanti — Nirendranath Chakraborty**

(i) উদ্ধৃত অংশটি কবির কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? কবির কোন্ বাংলা অনুবাদ বিশেষ জনপ্রিয় ? [2]



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

(ii) অমলকান্তির পরিচয় দাও। [2]

(iii) অমলকান্তি কেন রোদ্দুর হতে চেয়েছিল ? [3]

(iv) এই পংক্তিগুলিতে সমাজের কোন্ চিত্র প্রতিফলিত হয়েছে ? [3]

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"অন্ধকারে মুখ চাপা দিয়ে
দড়ি পাকানো গাছ
তখনও হাসছে"

**ফুল ফুটুক না ফুটুক — সুভাষ মুখোপাধ্যায়**

**Phul Futuk Na Futuk — Subhash Mukhopadhay**

(i) 'মুখ চাপা দিয়ে' বলতে কী বোঝানো হয়েছে ? [2]

(ii) দড়ি পাকানো কিসের প্রতীক ? [2]

(iii) উদ্ধৃত গাছটি তখনও হাসছে কেন ? [3]

(iv) আলোচ্য কবিতায় কবি কী বার্তা দিতে চেয়েছেন তা নিজের ভাষায় লেখ। [3]

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"তবু খো-খো খেলুড়ে মেয়ে লড়ছে এমন লড়াই
তাকে নিয়েই দেশসুদ্ধ আমজনতার বড়াই।"

**খো-খো — অমিতাভ দাশগুপ্ত**

**Kho-Kho — Amitabha Dasgupta**

(i) 'খো-খো' খেলাটি ভারতের কোন্ অংশে অধিক প্রচলিত ? [2]

(ii) 'বড়াই' ও 'আমজনতা' এই শব্দদুটির অর্থ লেখ। [2]

(iii) এই অংশে মেয়েটির কোন্ লড়াইয়ের কথা বলা হয়েছে ? [3]

(iv) তবু সে কীভাবে সকলের 'বড়াই' হয়ে ওঠে ? [3]



Pati's ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

## চাঁদের পাহাড় — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## CHANDER PAHAR — BIBHUTIBHUSHAN BANDYOPADHYAY

### Question 11

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"মায়ের কথাটা শঙ্করকে ভাবিয়ে তুলল"

(i) শঙ্কর কে ? সে প্রতিদিন কী কী কাজ করত ? [2]

(ii) মায়ের কোন্ কথা শঙ্করকে ভাবিয়ে তুলেছিল ? [2]

(iii) শঙ্কর যে সাধারণ ছেলে নয় তার কী কী প্রমাণ পাওয়া যায় ? [3]

(iv) কোন্ বিষয়ে তার অদ্ভুত জ্ঞান ছিল ? [3]

### Question 12

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"পাঁচটি ইন্দ্রিয়ের বাইরে আর একটা কোন্ ইন্দ্রিয় যেন মুহূর্তের জন্য জাগরিত হয়ে উঠে তাকে জানিয়ে দিল যে সে ভয়ানক বিপদে পড়বে।"

(i) সে কীভাবে বিপদে পড়েছিল ? [2]

(ii) পাঁচটি ইন্দ্রিয় কী কী ? [2]

(iii) সে কীভাবে বিপদ থেকে মুক্ত হল ? [3]

(iv) বিপদ মুক্ত হওয়ার পর সে কী করেছিল ? [3]

### Question 13

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

"হঠাৎ আলভারেজের মৃত্যুর পূর্বের কথা শঙ্করের মনে পড়ল।"

(i) আলভারেজ কে ? [2]

(ii) তার মৃত্যুর পূর্বের কোন্ কথা শঙ্করের মনে পড়ল ? [2]

(iii) কোন্ পরিস্থিতিতে মনে পড়ল ? [3]

(iv) তারপর সারা দিনটা শঙ্করের কীভাবে কাটল ? [3]



Pati's ICSE ACADEMY

# জাম্বো — মোহিত চট্টোপাধ্যায়

## JAMBO — MOHIT CHATTOPADHYAY

**Question 14**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

''যেমন তুই তেমনি তোর সাকরেদগুলো ! তোরা উচ্ছন্নে যেতে চলেছিস !''

(i) কে কাকে একথা বলেছে ? [2]

(ii) 'উচ্ছন্নে' যাওয়া শব্দটির অর্থ কী ? [2]

(iii) কীভাবে সে 'উচ্ছন্নে' যাচ্ছে বলে বক্তার মনে হয়েছে ? [3]

(iv) উদ্দিষ্ট ব্যক্তিকে সঠিক পথে পরিচালনা করার জন্য বক্তা কী পরিকল্পনা করেছিল ? [3]

**Question 15**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

''পেটপূজাকে নিয়ে থোড়াসা —''

(i) বক্তা কে ? [2]

(ii) সে কখন, কাকে একথা বলেছে ? [2]

(iii) সে কীভাবে সেখানে পৌঁছেছিল ? [3]

(iv) তার বক্তব্যের মধ্যে দিয়ে তার সম্পর্কে কী জানা যায় ? [3]



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 16**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

''আপনার এই আজব প্রস্তাবে রাজি থাকব, তা-ই কি মনে করেন ?''

(i) কে, কাকে প্রস্তাব দিয়েছিল ? [2]

(ii) প্রস্তাবটি কী ? [2]

(iii) বক্তা তাতে রাজী হল কি ? [3]

(iv) শেষ পর্যন্ত বক্তা কীভাবে মুক্তি পায় ? [3]



Pati's
ICSE ACADEMY

2024

Set-A

# BENGALI

***(Second Language)***

***Maximum Marks : 80***

***Time Allowed : Three Hours***

---

***Answers to this Paper must be written on the paper provided separately.***

*You will **not** be allowed to write during the first 15 minutes.*

*This time is to be spent in reading the question paper.*

***The time given at the head of this Paper is the time allowed for writing the answers.***

---

*This paper comprises of **two** Sections : **Section A** and **Section B**.*

*Attempt **all** the questions from **Section A**.*

*Attempt **four** questions from **Section B**, answering at least **one** question each from the **two** books you have studied and **any two** other questions from the same books you have compulsorily chosen.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION —A (40 Marks)

*Attempt **all** questions.*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on any **one** of the following topics :- [15]

নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে থেকে যে কোন একটি বিষয় নিয়ে আনুমানিক **২৫০** শব্দের মধ্যে **একটি** প্রবন্ধ রচনা কর :-

(i) একটি পুরাতন ভাঙা ছাতার আত্মকথা।

(ii) 'সত্যিকারের বন্ধুত্ব প্রতিযোগিতার নয়, সহযোগিতার।'—

(iii) ভ্রমণের আনন্দ, আনন্দের ভ্রমণ।

(iv) 'ইচ্ছে থাকলে উপায় হয়' — এই প্রবাদ বাক্যটি অবলম্বনে একটি গল্প রচনা কর।

---

**This Paper consists of 11 printed pages and one blank page.**



*© Copyright reserved.*

ICSE ACADEMY

(v) নীচের ছবিটির বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে কী প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তা বুঝিয়ে লেখ।



**Question 2**

Write a letter in **Bengali** in approximately **120** words on any **one** of the topics given below :- [7]

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে থেকে যে-কোনো একটি বিষয় অবলম্বনে আনুমানিক **১২০** শব্দের মধ্যে একটি পত্র লেখ :-

(i) তোমার অঞ্চলের শিশু উদ্যানটির সংস্কারের আবেদন জানিয়ে স্থানীয় পুরপিতাকে একটি চিঠি লেখ।

অথবা

(ii) বড় হয়ে তুমি এমন কাজ করতে চাও, যাতে মানুষের কল্যাণ হবে। এই বিষয়ে তোমার মতামত ও লক্ষ্য জানিয়ে তোমার মামাকে একটি চিঠি লেখ।



Pati's ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

**Question 3**

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible:-

নীচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ :-

অবনীন্দ্রনাথ যখন খুব ছোটো, বাড়ির অন্যান্য ছোটো ছেলেদের সঙ্গে তাঁকেও নর্মাল স্কুলে ভর্তি করে দেওয়া হয়েছিল। স্কুলে যেতে ছেলের ভারি আপত্তি, রোজ সকালে কান্নাকাটি, মাটিতে গড়াগড়ি এবং অবশেষে চাকরদের দ্বারা চ্যাংদোলা করে অপিসযান গাড়িতে তোলা, গাড়ির দরজা টেনে স্কুলযাত্রা। তারপর অকস্মাৎ মুক্তিলাভ।

ইংরেজি ক্লাশে মাস্টার উচ্চারণ শেখান 'পাডিং', ছেলে বলে 'পুডিং, ও আমরা রোজ খাই'— মাস্টারও ছাড়েন না, ছেলেও মানে না। ছেলের শক্তি কম, অতএব বেত্রাঘাতে এ পালার সমাপ্তি। পরদিনই অবনীন্দ্রনাথের বাবা ছেলেকে স্কুল ছাড়িয়ে বাড়িতে যদু ঘোষাল মাস্টারমশায়ের কাছে পড়ার ব্যবস্থা করে দিলেন। সকালে পড়াশুনো, কিন্তু দীর্ঘ বেকার দুপুর আর কাটতে চায় না।

অন্দরমহলে ঢুকতে গেলে তাড়া খেয়ে ফিরে আসতে হয়। বাবার পোষা গোলাপী কাকাতুয়ার সামনে দাঁড়ালেই সে ঝুঁটি তুলে পালক ফুলিয়ে ঠোকরাতে আসে। পোষা কুকুর কামিনীও দেখলেই সরে পড়ে। ছোট্ট এক জোড়া পোষা বাঁদর, শখের হরিণ, কিন্তু কারো কাছে এগুবার জো নেই। শেষ অবধি ছেলেটা একলা থাকা ধরল। বুড়ো-বয়সে অবনীন্দ্রনাথ লিখেছেন, তবে একলা থাকার গুণ আছে একটা। দেখতে শুনতে শেখা যায়। ঐ অমনি করে একলা থাকতে থাকতেই চোখ আমার দেখতে শিখল, কান শব্দ ধরতে লাগল। — মানুষ-পশু-পাখি সঙ্গী পেলাম না কাউকেই। ঐ অতবড়ো বাড়িটাই তখন আমার সঙ্গী হয়ে উঠল ; নতুন রূপ নিয়ে আমার কাছে দেখা দিল। এখানে ওখানে উঁকিঝুঁকি দিয়ে তখন বাড়িটার সঙ্গে আমার পরিচয় হল। জোড়াসাঁকোর বাড়িকে যে কত ভালোবেসেছি। বলি যে ও-বাড়ির ইঁট-কাঠগুলোও আমার সঙ্গে কথা কয়।

**প্রশ্ন :**

(i) অবনীন্দ্রনাথ ঠাকুরের স্কুল যাত্রার বর্ণনা দাও। [2]

(ii) ইংরেজি ক্লাসের পালা কীভাবে সমাপ্ত হত ? [2]



Pati's ICSE ACADEMY

(iii) অবনীন্দ্রনাথের গৃহশিক্ষকের নাম কী ? তিনি কখন পড়াতেন ? [2]

(iv) 'শেষ অবধি ছেলেটা একলা থাকা ধরল।' — কেন ? [2]

(v) 'একলা থাকার গুণ আছে একটা।' গুণটা কী ? [2]

**Question 4**

ব্যাকরণভিত্তিক প্রশ্ন (Grammatical Questions):-

সঠিক উত্তরটি বেছে নাও (Write the correct option):- [8]

(i) সঠিক বানান কোনটি ?

(a) দুর্বিসহ

(b) দুর্বিশহ

(c) দুর্বিষহ

(d) দূর্বিষহ

(ii) সন্ধ্যাবেলা শ্মশানের কাছে যেতেই গা-টা ________ করে উঠল। শূন্যস্থানে উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ বসাও।

(a) ছন্‌ছন্‌

(b) ছম্‌ছম্‌

(c) ছল্‌ছল্‌

(d) টন্‌টন্‌

(iii) লোকটির পক্ষ লইয়া আমি দুচার কথা বলিতে যাইতেছিলাম। — 'যাইতেছিলাম'-এর চলিত রূপ হবে ......

(a) যাচ্ছিল

(b) যাচ্ছিলেন

(c) যাচ্ছিলাম

(d) যাছিলাম



Pati's ICSE ACADEMY

(iv) নরেশের মতো ______ ছেলের সঙ্গে মেলামেশা করলে দুদিনে গোল্লায় যাবে। শূন্যস্থানে উপযুক্ত বাগ্‌ধারা বসাও।

(a) ইঁচড়ে পাকা

(b) একচোখা

(c) জড়ভরত

(d) মাটির মানুষ

(v) কোন্ বাক্যে 'কান' শব্দটি 'গ্রাহ্য করা' অর্থে ব্যবহৃত হয়েছে ?

(a) ঠাণ্ডা লেগে আজ সকাল থেকে বিনুর কান ব্যথা করছে।

(b) সবার সব কথায় কান না দেওয়াই ভাল।

(c) ছাত্রদের দুষ্টুমির কথা শেষ পর্যন্ত হেড মাস্টারমশাইয়ের কানে গেল।

(d) বিপিনবাবুর মতো কানপাতলা লোক খুব কমই দেখা যায়।

(vi) বইটা আমি পড়িনি। — এটি কর্মবাচ্যে হবে

(a) আমি বইটা পড়িনি।

(b) বইটা আমার পড়া হয়নি।

(c) আমি বইটা পড়ব।

(d) বইটা আমার পড়া হবে।

(vii) যিনি প্রবাসে থাকেন — তাকে বলা হয়

(a) বিদেশী

(b) স্বদেশী

(c) প্রবাসী

(d) নিবাসী

(viii) 'গান এবং ফুল সবাই ভালোবাসে' — প্রশ্নবোধক বাক্যে হবে —

(a) গান এবং ফুল কি সবাই ভালোবাসে ?

(b) কেউ কি গান এবং ফুল ভালোবাসে ?

(c) গান এবং ফুল সবাই ভালোবাসে কি ?

(d) গান এবং ফুল কে না ভালোবাসে ?

Pati's
ICSE ACADEMY

## SECTION — B (40 Marks)

*Questions from only* ***two*** *of the following textbooks are to be answered.*

*Attempt* ***four*** *questions from this section.*

*You must answer at least* ***one*** *question from each of the* ***two*** *books, you have studied and any* ***two*** *other questions from the same books that you have chosen.*

## সংকলিতা — ছোটগল্প

## SONKOLITA — SHORT STORIES

**Question 5**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"তুমি আমার মা, আমার জীবনদাত্রী। আশীর্বাদ করি চিরসুখী হও মা।"

**বামা — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়**

**Baama — Bibhutibhushan Bandyopadhyay**

(i) কে, কাকে একথা বলেছেন ? [2]

(ii) কোন্ পরিস্থিতিতে তাঁদের দেখা হয় ? [2]

(iii) উল্লিখিত ব্যক্তিকে বক্তা "জীবনদাত্রী" বলেছেন কেন ? [3]

(iv) বৃদ্ধ বয়সেও তাঁর কথা মনে পড়লে বক্তার মনে কোন্ অনুভূতি জেগে ওঠে ? [3]

**Question 6**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"আমি বললাম — উঁহু। ব্রণ নয়, নিতান্তই মা-র অনুগ্রহ।"

**দেবতার জন্ম — শিবরাম চক্রবর্তী**

**Debotar Jonmo — Shibram Chakraborty**

(i) আমি কে ? কাকে কথাটি বলেছেন ? [2]



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

(ii) 'মা-র অনুগ্রহ' বলতে কী বোঝ ? [2]

(iii) 'মা-র অনুগ্রহ' আটকাতে বক্তা কী কী উপাচার গ্রহণ করেছিলেন ? [3]

(iv) মুখের ফুসকুড়ি ব্রণ নয় এই সন্দেহে বক্তা শেষ অবধি কী করলেন ? [3]

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

''সন্ধ্যার আগে ফিরিবার ট্রেন নাই। যদি কিছু 'বিজনেস' হয় এই আশায় বেচারা দুপুর রোদেও চতুর্দিকটা একবার ঘুরিয়া দেখিতেছে।''

**ক্যানভাসার — বনফুল**

**Canvasser — Banaphool**

(i) 'বেচারা' কে ? [2]

(ii) সে কীসের 'বিজনেস' করত ? [2]

(iii) সে কোথায় এসে উপস্থিত হয়েছিল ? কেন ? [3]

(iv) উক্ত ব্যক্তিটির সাথে সেখানে কার দেখা হয়েছিল ? পরবর্তীকালে তার সাথে সেই ব্যক্তিটির কোন্ অপ্রীতিকর ঘটনা ঘটেছিল ? [3]

## সংকলিতা — কবিতা

**SONKOLITA — POEMS**

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

''পাষাণ পিঞ্জরে তব নাহি চাহি নিরাপদে রাজভোগ নব''—

**সভ্যতার প্রতি — রবীন্দ্রনাথ ঠাকুর**

**Sabhyotar Prati — Rabindranath Thakur**

(i) 'পাষাণপিঞ্জর' বলতে কবি কী বুঝিয়েছেন ? [2]



Pati's ICSE ACADEMY

(ii) কাদের উদ্দেশ্যে কবির এই উক্তি বলে তোমার মনে হয় ? [2]

(iii) 'পাষাণপিঞ্জরে' নিরাপদ রাজভোগ কবির কাম্য নয় কেন ? [3]

(iv) তার পরিবর্তে তিনি কেমন জীবনের প্রত্যাশা রাখেন ? [3]

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"বেতন দিয়াছ ? — চুপ রও যত মিথ্যাবাদীর দল;

কত পাই দিয়ে কুলিদের তুই কত ক্রোর পেলি বল !"

কুলি-মজুর — কাজী নজর□ল ইসলাম

**Kuli-Majur — Kazi Nazrul Islam**

(i) বক্তা কে ? পাই ও ক্রোর বলতে কী বোঝ ? [2]

(ii) বেতন কথার অর্থ কী ? এখানে কাদের বেতন দেবার কথা বলা হয়েছে ? [2]

(iii) 'মিথ্যাবাদীর দল' কাদের, কেন বলা হয়েছে ? [3]

(iv) আলোচ্য কবিতায় কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে ? [3]

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"তোমরা আমাদের মাড়িয়ে
প্রতিদিন অনেক উঁচুতে উঠে যাও।"

সিঁড়ি — সুকান্ত ভট্টাচার্য

**Siri — Sukanta Bhattacharya**

(i) 'তোমরা' কারা ? [2]

(ii) 'আমাদের' বলতে কাদের বলা হয়েছে ? [2]



Pati's ICSE ACADEMY

(iii) 'মাড়িয়ে যাও' বলতে কী বোঝানো হয়েছে ? [3]

(iv) 'অনেক উঁচুতে উঠে যাও'— বলতে কবি কী বুঝিয়েছেন ? [3]

## চাঁদের পাহাড় — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## CHANDER PAHAR — BIBHUTIBHUSHAN BANDYOPADHYAY

### Question 11

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

''হঠাৎ তার মনে হল সামনের একটা ছাতার মতো গোল খড়ের নিচু চালের ওপর একটা কী যেন নড়চে। পরক্ষণেই সে ভয়ে ও বিস্ময়ে কাঠ হয়ে গেল।''

(i) কার মনে হল ? যেটা নড়ছিল সেটা আসলে কী ? [2]

(ii) কোথায় সে এইরকম ঘটনার সম্মুখীন হয় ? [2]

(iii) সে ভয়ে বিস্ময়ে কাঠ হয়ে গেল কেন ? [3]

(iv) তারপর সে কী করল ? [3]

### Question 12

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

''ইনি তাঁর ডায়েরির মধ্যে রোডেসিয়ার ওই অজ্ঞাত জানোয়ার দূর থেকে দেখেচেন বলে উল্লেখ করে গিয়েচেন।''

(i) 'ইনি' কে ? তার পরিচয় দাও। [2]

(ii) 'অজ্ঞাত জানোয়ার' বলতে কোন্ জানোয়ারের কথা বলা হয়েছে ? জুলু ভাষায় তার নাম কী ? [2]



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

(iii) ওনার ডায়েরিতে কী লেখা ছিল ? [3]

(iv) জুলুদের মতানুযায়ী ওই অজ্ঞাত জানোয়ারটির আকৃতি ও প্রকৃতি বর্ণনা কর। [3]

**Question 13**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"স্বদেশে ফিরে যাওয়ার এই আনন্দের মুহূর্তে তোমার কথাই আজ মনে হচ্ছে।"

(i) বক্তার স্বদেশ কোথায় ? সে কোথা থেকে স্বদেশে ফিরছে ? [2]

(ii) 'তোমার' বলতে কাকে বোঝানো হয়েছে ? [2]

(iii) বক্তার কেন তাকে আনন্দের মুহূর্তে মনে পড়েছে ? [3]

(iv) এই উক্তির মধ্যে দিয়ে বক্তার কোন্ মানসিকতার পরিচয় পাওয়া যায় ? [3]

## জাম্বো — মোহিত চট্টোপাধ্যায়

## JAMBO — MOHIT CHATTOPADHYAY

**Question 14**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"আঃ, ক্যা চক্কাস পিকচার। ওই পিকচার থেকে আইডিয়া এসে গেল।"

(i) বক্তা কে ? কাকে বলছে ? [2]

(ii) এখানে কোন্ পিকচারের কথা বলা হয়েছে ? এখানে পিকচার বলতে কী বোঝানো হয়েছে ? [2]

(iii) পিকচার থেকে কোন্ আইডিয়া পাওয়া গিয়েছিল ? [3]

(iv) আইডিয়া শেষ পর্যন্ত কাজে লেগেছিল কি ? [3]



Pati's
ICSE ACADEMY

## Question 15

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"একবার এসে দেখ তো — মাথার এখানটায় ফেটে গেছে কি না ?"

(i) কে কাকে কথাটি বলেছে ? [2]

(ii) বক্তার মাথায় কী হয়েছিল ? [2]

(iii) তার মাথার এই অবস্থার জন্য দায়ী কে ? কেন সে এরকম কাজ করেছিল ? [3]

(iv) কীভাবে সে বক্তার উপর বদলা নেয় ? বক্তা কেন তাকে কোনরকম শাস্তি দিতে পারে না ? [3]

## Question 16

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:-

নীচের অংশটি পড়ে প্রশ্নের উত্তর দাও :-

"আপনি কি পুলিশ নিয়ে আমাদের সঙ্গে রসিকতা জুড়েছেন ?"

(i) বক্তা কে ? পরিচয় দাও। [2]

(ii) বক্তা কাকে একথা বলেছে ? তার পরিচয় দাও। [2]

(iii) কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে ? [3]

(iv) উদ্দিষ্ট ব্যক্তির কোন্ কাজকে বক্তার রসিকতা বলে মনে হয়েছে ? [3]

Pati's ICSE ACADEMY

# 2023

Set-A

## BENGALI

***(Second Language)***

***Maximum Marks : 80***

***Time Allowed : Three Hours***

***Answers to this Paper must be written on the paper provided separately.***

*You will **not** be allowed to write during the first **15** minutes.*

*This time is to be spent in reading the question paper.*

***The time given at the head of this Paper is the time allowed for writing the answers.***

*This paper comprises of two Sections : **Section A** and **Section B.***

*Attempt **all** the questions from **Section A.***

*Attempt **four** questions from **Section B**, answering at least **one** question each from **two** books you have studied and **any two** other questions from the same books you have compulsorily chosen.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

### SECTION A (40 Marks)

*Attempt **all** questions from this Section.*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on any **one** of the following topics :— [15]

নিচের বিষয়গুলি থেকে যে কোনো একটি বিষয় নিয়ে আনুমানিক **২৫০** শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করঃ-

(i) একজন পর্যটকের চোখে ভারতবর্ষ।

(ii) একটি পারিবারিক অনুষ্ঠানে যোগ দেবার অভিজ্ঞতা বর্ণনা কর।

(iii) একটি ল্যাণ্ডলাইন টেলিফোনের আত্মকথা।

(iv) "শেষ ভালো যার, সব ভালো তার" - এই প্রবাদ বাক্যটি দিয়ে একটি মৌলিক গল্প রচনা কর।



*© Copyright reserved.*

Pati's ICSE ACADEMY

(v) নিচের ছবিটির বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে কি প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তা ব্যাখ্যা কর ঃ-



**Question 2**

Write a letter in **Bengali** in approximately **120** words on any **one** of the topics given below :— [7]

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে আনুমানিক ১২০ শব্দের মধ্যে একটি পত্র লিখঃ-

(i) পথ চলার নিয়ম ঠিকমত না মানার ফলে যে দুর্ঘটনা ঘটে, সেই সম্বন্ধে তোমার মতামত জানিয়ে ও জনসাধারণকে সচেতন করার অনুরোধ জানিয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি চিঠি লেখ।

(ii) ''বন্য প্রাণী বাঁচাও''- এমন একটি সংস্থার সাথে কিছুদিন হল তুমি যুক্ত হয়েছ। সেই বিষয়ে তোমার অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে চিঠি লেখ।


ICSE ACADEMY

## Question 3

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible :—

নিচের অংশটি ভালো করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখঃ-

বাংলাদেশের চাঁদপুর থেকে কলকাতায় হাজির হল গরীব বিধবা মায়ের একমাত্র সন্তান। উদ্দেশ্য, নিজের মেরুদণ্ডের জোরে প্রতিষ্ঠা লাভ করে মায়ের দুঃখ ঘোচানো। কোনো সাহায্য নেবে না, মাথা নোয়াবে না। বরং আশ্রয় নিল বাল্য বন্ধু বিশুর বাড়িতে। আশ্রয় মানে মূলতঃ মাথা গোঁজা, কোনো মতে মেঝের উপর খবরের কাগজ পেতে রাতটুকু কাটানো। বিশুদের অবস্থাও তথৈবচ। নুন আনতে নিয়মিত পান্তা ফুরোয়। তবু তারা যত্ন আত্তিতে ফাঁক রাখতে চায় না। গোঁ বরং বৈদ্যনাথেরই বেশি। এত তীক্ষ্ণ আত্মসম্মানবোধ, কারও কাছে হাত পাতবে না। সবসময় তার মনে আশঙ্কা, সে হয়তো বিশুদের ওপর বোঝা হয়ে দাঁড়ালো। সাত সকালে কোন রকমে দুটি মুখে গুঁজে বেরিয়ে যায় কাজের খোঁজে। দিনমান টো টো করে ঘুরে প্রায় রাতেই বাড়ি ফিরে জল খেয়ে ঘুমিয়ে পড়ে। খেতে অনুরোধ করলে, চোয়াল শক্ত করে জানায়, 'বাইরে থেকে খেয়ে এসেছি'। বিশু বোঝে, মিথ্যে বলছে।

এভাবে প্রতিদিন, কয়েকমাইল হাঁটার জোর বৈদ্যনাথের শরীর কতটা নিতে পারতো কে জানে, কিন্তু পায়ের জুতোটা আর পারলো না। বিদ্রোহ করে বসল। পেরেক টেরেক উঠে গিয়ে যাচ্ছেতাই অবস্থা এবং বৈদ্যনাথের চূড়ান্ত অবহেলায় সে জং ধরা পেরেক পায়ে ফুটে গিয়ে সাংঘাতিক ইনফেকশন, প্রবল জ্বর, অসহ্য যন্ত্রনা। শুরু হল যমে মানুষে টানাটানি। ভর্তি করা হল কারমাইকেল(বর্তমানে আর জি. কর.) হাসপাতালে। প্রাথমিক পরীক্ষার পর সার্জিকাল বিভাগের হাউস ফিজিশিয়ান সোজাসাপ্টা জানিয়ে দিলেন, এত গুরুতর সেপটিক ইনফেকশন হয়েছে যে প্রাণ বাঁচাতে গেলে রোগীর পা অ্যাম্পুট করা ছাড়া উপায় নেই। ডাঃ রায়ের কাছে জানতে হবে এরকম অবস্থায় অ্যানাসথেসিয়া নিতে পারবে কিনা। কে ডাঃ রায়? আরে বিধান চন্দ্র রায়। এর পরের ঘটনা অতি আশ্চর্য। বিধানবাবু খুঁটিয়ে দেখে রায় দিলেন অপারেশনের কোনো দরকার নেই। ঔষধপত্র দিয়েই ও রোগ সারানো যাবে। বাস্তবিক তা হলো। তাঁর নির্ভুল চিকিৎসায় সুস্থ হয়ে উঠল বৈদ্যনাথ।

প্রশ্নঃ

(i) বৈদ্যনাথ কোথা থেকে কেন এসেছিল? [2]

(ii) বৈদ্যনাথ কোথায় আশ্রয় নিয়েছিল? তাদের অবস্থা কেমন ছিল? [2]

(iii) বৈদ্যনাথের সারাদিন কিভাবে কাটে? [2]

(iv) বৈদ্যনাথকে নিয়ে যমে মানুষে টানাটানি শুরু হল কেন? [2]

(v) ডাঃ রায় কে? তিনি কীভাবে বৈদ্যনাথের চিকিৎসা করেন? [2]



Pati's ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

**Question 4**

ব্যাকরণভিত্তিক প্রশ্ন (Grammatical Questions) :— [8]

সঠিক উত্তরটি বেছে নাও (Write the correct option)

(i) লটারিতে প্রথম পুরষ্কার পেয়ে সে -------- (শূণ্যস্থানে কোন শব্দটি বসবে) ?

(a) গোবর গণেশ

(b) অকাল কুষ্মাণ্ড

(c) আহ্লাদে আটখানা

(d) ভিজে বেড়াল

(ii) সঠিক বানান কোনটি?

(a) বিদ্বান

(b) বিদ্যান

(c) বিদ্যাণ

(d) বিদ্বান্য

(iii) ধনীরা প্রায়ই অহঙ্কারী হয়। - জটিল বাক্যে বাক্যটি হবে -

(a) যারা ধনী হয় তারা প্রায়ই অহঙ্কারী হয়।

(b) ধনীরা কিন্তু অহঙ্কারী হয়।

(c) ধনীরা অহঙ্কারী হয়।

(d) ধনীদের অহঙ্কারী হওয়া মানায়।

(iv) যে ইতিহাস জানে (সঠিক শব্দটি বসাও)

(a) দার্শনিক

(b) ঐতিহাসিক

(c) বৈজ্ঞানিক

(d) সাহিত্যিক



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

(v) কোন বাক্যটিতে 'কাটা' শব্দটি 'লজ্জা' অর্থে ব্যবহৃত হয়েছে?

(a) শিশুটি হাত কাটা জামা পরেছে।

(b) রমা সব্জি কাটছে।

(c) তোমার কাজে আমার মাথা কাটা গেল।

(d) তার সব অঙ্ক কাটা গেছে।

(vi) গোড়া থেকে বলা যাক। (এই বাক্যটি কর্তৃবাচ্যে হবে)

(a) গোড়া থেকে বলা হোক।

(b) গোড়া থেকে বলি।

(c) গোড়া থেকে বলতে হবে।

(d) গোড়ার কথা বলি।

(vii) ----- করে কাঁচটা ভেঙে পড়লো। (শূণ্যস্থানে উপযুক্ত শব্দ বসাও)

(a) ঝনঝন

(b) কড় কড়

(c) দুম দুম

(d) হুড়মুড়

(viii) 'মূক' শব্দের অর্থ কী?

(a) বোবা

(b) বদন

(c) বোকা

(d) প্রধান



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

**SECTION B (40 Marks)**

*Questions from only* ***two*** *of the following textbooks are to be answered.*

*Attempt any* ***four*** *questions from this Section.*

*You must answer at least* ***one*** *question from each of the* ***two*** *books, you have studied and any* ***two*** *other questions from the same books that you have chosen.*

সংকলিতা- ছোটগল্প

**SONKOLITA–SHORT STORIES**

**Question 5**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''দিন সাতেক পরেই কিন্তু তার মনে খটকা লাগে।''

অসহযোগী - মানিক বন্দ্যোপাধ্যায়

**Asohojogee - Manik Bandyopadhyay**

(i) 'খটকা' কথার অর্থ এখানে কী? [2]

(ii) কার মনে খটকা লেগেছিল? [2]

(iii) কোন্ ঘটনার সাতদিন পরে এমনটা হয়? [3]

(iv) কী দেখে খটকা লেগেছিল? [3]

**Question 6**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''কেমন যেন সেকেলে বুড়োটে ধরনের নাম। তবু রাজি হয়ে গেল নাম বদলাতে''

নাম - নরেন্দ্রনাথ মিত্র

**Naam - Narendranath Mitra**

(i) কে নাম বদলাতে রাজি হয়েছিল? তার নাম কি রাখা হয়েছিল? [2]

(ii) তার রাজি হবার কারণ কি ছিল? [2]

(iii) কেন তাকে তার নাম বদলাতে হয়েছিল? [3]

(iv) নাম বদলাবার ফলে তার মনের অবস্থা কেমন হয়েছিল ও তার ফল কি হয়েছিল? [3]



Pati's ICSE ACADEMY

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''এই খেলা নিয়েই আর একটা কাণ্ড হল একবার''-

**গন্ধটা খুব সন্দেহজনক - শীর্ষেন্দু মুখোপাধ্যায়**

**Gondhota Khub Sandehojanak— Shirshendu Mukhopadhyay**

(i) কোন 'খেলার' কথা এখানে উল্লেখ করা হয়েছে? [2]

(ii) সে খেলায় কী কাণ্ড ঘটেছিল ? [2]

(iii) শেষে খেলায় কী পরিণতি হয়েছিল ? [3]

(iv) কেন খেলার এই পরিণতি ঘটে ? [3]

**সংকলিতা- কবিতা**

**SONKOLITA —POEMS**

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''আবার আসিব ফিরে, ধানসিড়িটির তীরে — এই বাংলায়''-

**আবার আসিব ফিরে - জীবনানন্দ দাশ**

**Abar Asibo Phire — Jibonananda Das**

(i) কে কোথায় ফিরে আসার কথা বলেছেন ? [2]

(ii) কেন এমন আশা প্রকাশ করেছেন ? [2]

(iii) কবিতাটিতে বাংলার কয়েকটি নদী ও পাখির নাম উল্লেখ করেছেন কবি। সেগুলি কি কি ? [3]

(iv) এই ইচ্ছার মধ্য দিয়ে কবির কি মানসিকতা প্রকাশ পেয়েছে ? [3]



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''চিরস্থির কবে নীর হায়রে জীবন-নদে?''

বঙ্গভূমির প্রতি- মাইকেল মধুসূদন দত্ত

**Bongobhumir Proti — Michael Madhusudan Dutta**

(i) কবিতার শুরুতে কোন বিদেশী কবির লেখা কবিতার ছত্র রয়েছে? [2]

(ii) 'নীর' শব্দের অর্থ কি? ছত্রটিতে 'নীর' কে কিসের সাথে তুলনা করা হয়েছে? [2]

(iii) 'জীবন-নদ' বলতে কী বোঝানো হয়েছে? [3]

(iv) জীবনের সাথে নদীকে তুলনা করার কারণ কি? [3]

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো।''

রবীন্দ্রনাথের প্রতি - বুদ্ধদেব বসু

**Rabindranather Proti — Budhadev Basu**

(i) 'আমি' বলতে কবি কাকে বুঝিয়েছেন? [2]

(ii) সে নিজেকে শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো বলেছে কেন? [2]

(iii) উক্তিটির মধ্যে দিয়ে বক্তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায়? [3]

(iv) যে পরিস্থিতিতে বক্তা এই কথা বলেছেন তার বিবরণ দাও? [3]



Pati's
ICSE ACADEMY

Pati's ICSE ACADEMY

চাঁদের পাহাড়- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## CHANDER PAHAR — BIBHUTIBHUSAN BANDYOPADHYAY

### Question 11

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''তখন একটা খামের চিঠি এল শঙ্করের নামে''-

(i) শঙ্কর কে ? চিঠি আসার সময় সে কোথায় ছিল ? [2]

(ii) কোথা থেকে চিঠি এসেছিল ? কার কাছ থেকে চিঠি এসেছিল ? [2]

(iii) কোন চিঠির উত্তরে শঙ্করের কাছে উক্ত চিঠি এসেছিল ? [3]

(iv) শঙ্করের নামে যে খামের চিঠি এসেছিল তাতে কী লেখা ছিল? [3]

### Question 12

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''আলভারেজ, তুমি দুবার আমার প্রাণ রক্ষা করলে, এ আমি ভুলব না''-

(i) কে, কোথায় এই কথা বলেছিল ? [2]

(ii) কখন এই কথা বলেছিল ? [2]

(iii) প্রথমবার আলভারেজ কিভাবে তার প্রাণ বাঁচায় ? [3]

(iv) উক্ত ব্যক্তি আলভারেজের প্রাণ কিভাবে রক্ষা করেছিল ? [3]

### Question 13

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

''এমন ধরনের দৃশ্য ওরা জীবনে কখনো দেখে নি''-

(i) 'ওরা' বলতে এখানে কাদের কথা বলা হয়েছে? [2]

(ii) তারা দুজন তখন কোথায় কী অবস্থায় ছিল? [2]

(iii) তারা কোন্ দৃশ্য দেখেছিল? [3]

(iv) এরপর তারা কোন অভিজ্ঞতার সন্মুখীন হয়েছিল? [3]



Pati's ICSE ACADEMY

জাম্বো - মোহিত চট্টোপাধ্যায়

## JAMBO — MOHIT CHATTOPADHYAY

**Question 14**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

"আমরা আপনার একটা সাক্ষাৎকার নেব বলে এসেছিলাম"

(i) 'আমরা' বলতে কাদের বোঝানো হয়েছে ? [2]

(ii) তারা কার সাক্ষাৎকার নিতে এসেছিলেন ? [2]

(iii) কী কারণে তারা সাক্ষাৎকার নিতে এসেছিলেন ? [3]

(iv) উক্ত সাক্ষাৎকারটি কি রকম ছিল সংক্ষেপে লেখ ? [3]

**Question 15**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

"আচ্ছা তুমি কার্টুন নেটওয়ার্কে পপাই শো দেখেছো?"-

(i) বক্তা কে? কাকে বলেছে? [2]

(ii) 'পপাই শো' এর প্রসঙ্গ উঠেছে কেন? [2]

(iii) বক্তা 'পপাই শো' এর কেমন বর্ণনা দিয়েছে ? [3]

(iv) এরপর কি ঘটে? [3]

**Question 16**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :—

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ-

"তখন আর যাব কোথায়? তাছাড়া জায়গাটা তো আমাদের কাজের পক্ষে আইডিয়াল।" -

(i) কোন সময়ের কথা বলা হয়েছে? [2]

(ii) কারা সেই জায়গায় গিয়েছিল? [2]

(iii) তাদের কোন্ কাজের পক্ষে জায়গাটি আদর্শ ছিল? [3]

(iv) তবুও শেষ রক্ষা হয়েছিল কি? — সংক্ষেপে লেখ। [3]



Pati's ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

# Prepare for ICSE CLASS 10
# Bengali

## Free Resources

## SCAN QR CODE Now

Pati's

ICSE Academy

Prepare for ICSE CLASS 10
Free Resources

SCAN QR CODE Now

History/Civics

Geography

Maths

Physics

Chemistry

Biology

Hindi

Physical Education

Computer Applications



www.spellbeeacademy.com

Pati's

ICSE Academy

Prepare for ICSE CLASS 10
Free Resources

SCAN QR CODE Now

Economics

Commercial Studies

French

Robotics & AI

Home Science

EVS

Marathi

Gujarati

Odiya



Pati's ICSE ACADEMY

**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects















